# পুলিশ কি আপনার গাড়ি নিয়ে গেছে?

## OATH ট্রায়াল বিভাগে আপনার ট্রায়ালের একটি নির্দেশিকা


**প্রশাসনিক ট্রায়াল এবং শুনানি অফিস**
100 Church Street, 12th Floor, New York, NY 10007

# সূচিপত্র

**OATH এ যেই যানবাহন মামলাসমূহের শুনানি হয় ..... 4**

**আমার কি একজন উকিল নিযুক্ত করা উচিত? ..... 5**

**আমি কোথায় যাবো? ..... 6**

**সময়মতো উপস্থিত থাকবেন ..... 7**

**আপনার কি একজন ইন্টারপ্রেটার প্রয়োজন হবে? ..... 7**

**কনফারেন্স কী? ..... 8**

**ট্রায়াল কী? ..... 9**

ট্রায়ালের জন্য আমি কীভাবে প্রস্তুত হতে পারবো? ..... 9

আমার ট্রায়ালের সময় কী হবে? ..... 10

আমার কি সাক্ষ্যদান করা উচিত? ..... 11

যেই সব পরিস্থিতির কারণে যানবাহন ফেরত দেওয়া হতে পারে ..... 12

ট্রায়ালের পর কী হবে? ..... 13

**আইনি পরিষেবা ..... 14**

**আরো তথ্য ..... 15**

# গুরুত্বপূর্ণ ডিসক্লেইমার

এখানে প্রকাশিত তথ্যের উদ্দেশ্য হলো আগ্রহী জনগণকে সহায়তা করা, এবং এর উদ্দেশ্যে আইনি পরামর্শ প্রদান করা নয়। আইনগতভাবে বা নজির হিসেবে এই তথ্যের কোনো গুরুত্ব নেই, এবং আইনি কর্তৃত্ব বা নজির হিসেবে নিউ ইয়র্ক সিটি প্রশাসনিক ট্রায়াল এবং শুনানির অফিস (New York City Office of Administrative Trials and Hearings, OATH) বা অন্য কোথায় প্রদান করা যাবে না। এমন কোনো প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি নেই বা অনুমান করা যাবে না যে এখানে প্রকাশিত তথ্য টাইপোগ্রাফিকভাবে বা বাস্তবিক দিক দিয়ে সঠিক বা সম্পূর্ণ, এবং কোনো ভুল বা অসম্পূর্ণতার জন্য OATH দায়ী থাকবে না। বিশেষ করে কোনো প্রতিনিধিত্ব বা ওয়ারেন্টি নেই বা অনুমান করা যাবে না যে এই ওয়েবসাইটের নিয়ম, আইন, আদেশ, সিদ্ধান্ত বা অন্য কোনো আইনি উৎস সঠিক বা এখানে সম্পূর্ণভাবে বর্ণিত হয়েছে, এবং কোনো ভুল বা অসম্পূর্ণতার জন্য OATH দায়ী থাকবে না। প্রযোজ্য বাস্তবিক এবং পদ্ধতিগত আইন নির্ণয় করার জন্য ব্যবহারকারীকে অবশ্যই আনুষ্ঠানিক আইনি উৎস দেখতে হবে, যার মধ্যে এখানে উল্লেখ করা সকল নিয়ম, আইন, আদেশ, সিদ্ধান্ত এবং অন্যান্য আইনি উৎসের বিষয়বস্তু রয়েছে।

# OATH এ যেই যানবাহন মামলাসমূহের শুনানি হয়

## গ্রেফতারের পর মালিক এবং গাড়ির চালকদের জন্য পুলিশ কর্তৃক গৃহীত তথ্য

1. **আপনার গাড়ি কি "বাজেয়াপ্ত" করা হয়েছে না নিয়ে যাওয়া হয়েছে**

   আইনের অধীনে, কোনো গাড়ি যদি একটি অপরাধের সম্পর্কিত কাজে ব্যবহৃত হতে থাকে তাহলে পুলিশ বিভাগ সেটিকে "বাজেয়াপ্ত" করতে পারবে এবং বাজেয়াপ্তকৃত প্রক্রিয়া নামক প্রক্রিয়ায় নিউ ইয়র্ক কোর্টে এর শিরোনাম দাবি করতে পারবে। বাজেয়াপ্তকৃত প্রক্রিয়ার জন্য অপেক্ষা করার সময়, গাড়ির উপর পুলিশ বিভাগের (Police Departmen) দখলকে চ্যালেঞ্জ করে একটি ট্রায়াল দাবি করার অধিকার মালিক এবং চালকের রয়েছে। অস্থায়ীভাবে আপনার গাড়ি ফেরত পাওয়ার জন্য আপনাকে বাজেয়াপ্তকৃত বস্তুর প্রক্রিয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে না। মদ্যপ অবস্থায় গাড়ি চালানো বা গাড়িতে মাদক বা বন্দুক পাওয়া যাওয়ার মতো অপরাধে চালককে গ্রেফতার করার সময় পুলিশ গাড়িটি নিয়ে যেতে পারে।

2. **একটি শুনানির অধিকার**

   পুলিশ বিভাগের নিয়ে যাওয়া গাড়ির চালক বা মালিক হিসেবে OATH এ একজন প্রশাসনিক আইন বিচারকের সামনে একটি ট্রায়াল অনুরোধ করার অধিকার আপনার রয়েছে, বিচারক সিদ্ধান্ত গ্রহণ করবে যে বাজেয়াপ্তকৃত প্রক্রিয়ার সিদ্ধান্ত গ্রহণের পূর্বে আপনাকে গাড়ি ফেরত দেওয়া হবে কিনা।

   - গ্রেফতারের সময় একটি ট্রায়ালের অনুরোধের ফর্ম চালককে প্রদান করা পুলিশ বিভাগের জন্য আবশ্যক। এই ফর্মটির নাম "ধরে রাখার শুনানির অধিকারের নোটিশ"। এছাড়াও গ্রেফতারের 5 কর্মদিবসের মধ্যে গাড়ির মালিককে ফর্মের একটি নকল মেইল করাও পুলিশ বিভাগের জন্য আবশ্যক। গ্রেফতারের সময় এবং মেইলের মাধ্যমে এই দুইটি নোটিশ প্রদান করতে যদি পুলিশ বিভাগ ব্যর্থ হয় তাহলে তা চালক বা মালিককে গাড়ি ফেরত প্রদানের একটি ভিত্তি হতে পারে।
   - ট্রায়ালের অনুরোধ করার জন্য মালিক বা চালককে শুনানি/ট্রায়ালের অনুরোধ ফর্ম অবশ্যই মেইল করতে হবে, বা সকাল 8:30টি থেকে বিকাল 3:30টার মধ্যে পুলিশ বিভাগের কাছে ফর্মে তালিকাভুক্ত ঠিকানায় পৌঁছে দিতে হবে। ফর্মটি ফ্যাক্স করা যাবে না।
   - চালক এবং গাড়ির মালিক উভয়ের একটি ট্রায়ালের অনুরোধ করার অধিকার রয়েছে, কিন্তু মাত্র একটি ট্রায়ালই অনুষ্ঠিত হবে।

3. **আপনি যদি একটি ট্রায়ালের অনুরোধ করেন**

   আপনার অনুরোধ পাওয়ার 2 কর্মদিবসের মধ্যে মেইলের মাধ্যমে পুলিশ বিভাগ আপনাকে ট্রায়ালের সময় তো তারিখ জানিয়ে দিবে। আপনার অনুরোধ পাওয়ার 10 কর্মদিবসের মধ্যে অবশ্যই ট্রায়ালটির সময় নির্ধারণ করতে হবে।

## আমার কি একজন উকিল নিযুক্ত করা উচিত?

OATH এ একজন উকিল বা প্রতিনিধি নিয়ে উপস্থিত হওয়ার অধিকার আপনার থাকবে। আপনি OATH এ নিজের প্রতিনিধিত্ব করতে পারবেন, কিন্তু OATH এ আপনার মামলায় সাহায্য করার জন্য একজন উকিল বা এই ব্যাপারে জানেন এমন প্রতিনিধি নিয়োগ করাকে উৎসাহিত করা হয়।

- একজন উকিল বা প্রতিনিধির ব্যবস্থা আপনাকেই করে নিতে হবে। অর্থাৎ তারা আপনার থেকে অর্থ দাবি করবে কিনা সেই প্রশ্ন করা আপনার দায়িত্ব। এছাড়াও আপনার OATH ট্রায়াল সম্পর্কে তাদেরকে যেকোনো নোটিশ প্রদান করা আপনাকে নিশ্চিত করতে হবে।


- আপনার যদি একটি অপরাধ মামলা মুলতবি থাকে, তাহলে আপনার অপরাধ উকিলকে এই ট্রায়ালের ব্যাপারে জানান। আপনি OATH ট্রায়ালে যা বলবেন তা পরবর্তীতে আপনার অপরাধ মামলায় আপনার বিরুদ্ধে ব্যবহার করা যাবে।

# আমি কোথায় যাবো?

আপনার মামলাটির শুনানি ভিডিওকনফারেন্সের মাধ্যমে ভার্চুয়ালি হতে পারে। অনলাইনে কীভাবে অংশগ্রহণ করতে হয় সে ব্যাপারে আপনি OATH থেকে নির্দেশাবলী পাবেন। আপনি একটি সশরীরে উপস্থিত হওয়ার শুনানির জন্য অনুরোধ করতে পারবেন। আপনার বিচারক যদি এই অনুরোধের অনুমোদন প্রদান করে, তাহলে OATH এর অফিসের অবস্থান:

## প্রশাসনিক ট্রায়াল এবং শুনানি অফিস

100 Church Street, 12th Floor
New York, NY 10007




**টেলিফোন#:** (212) 933-3097
**ইমেইল:** OATHCalUnit@OATH.nyc.gov

# সময়মতো উপস্থিত থাকবেন

### আমার বিলম্ব হলে কী হবে?

আপনার ট্রায়ালের জন্য সময়মতো উপস্থিত হন। আপনার যদি বিলম্ব হয়, আপনাকে ছাড়াই ট্রায়াল করা হবে। অর্থাৎ বিচারক শুধু পুলিশ বিভাগের পেশ করা প্রমাণের ভিত্তিতে একটি সিদ্ধান্ত প্রদান করতে পারবে। আপনার বিলম্বের কারণ যদি ট্র্যাফিক বা গণপরিবহনের বিলম্ব হয়, তাহলে OATH ক্যালেন্ডার ইউনিটকে ইমেইল করে বা ফোন করে তাদের তা জানান।

### আমি কিভাবে সময় পরিবর্তন করতে পারবো?

আপনি যদি একটি নির্ধারিত কনফারেন্স বা ট্রায়ালে যেতে না পারেন, তাহলে আপনাকে অবশ্যই শুনানি/ট্রায়ালের নোটিশে লিখিত পুলিশ বিভাগের প্রতিনিধিকে এবং OATH কে যত দ্রুত সম্ভব ফোন করে বা ইমেইল করে জানাতে হবে। OATH বিচারকের সাথে যেকোনো ফোন কলের সময় আপনাকে এবং পুলিশ বিভাগের অ্যাটর্নি উভয়কে সংযুক্ত থাকতে হবে। যদি একটি ভালো কারণ থাকে তাহলে অন্য একটি তারিখে OATH এ যাওয়ার জন্য আপনি বিচারককে অনুরোধ করতে পারবেন। এটিকে বলা হয় স্থগিতকরণ। আপনি যদি একজন অ্যাটর্নি বা প্রতিনিধিকে নিয়োগ করতে চান বা ট্রায়াল বিলম্বিত করার জন্য আপনার যদি ভালো কোনো কারণ থাকে তাহলে আপনি সময় চাইতে পারবেন। আপনি অন্য কোনো দিনে পুনরায় যেতে পারবেন কিনা সেই সিদ্ধান্ত বিচারক গ্রহণ করবেন।

# আপনার কি একজন ইন্টারপ্রেটার প্রয়োজন হবে?

আপনার যদি একজন **ইন্টারপ্রেটার** প্রয়োজন হয়, তাহলে OATH বিনামূল্যে আপনার জন্য একজনকে নিয়োগ প্রদান করবে। OATH ফোনের মাধ্যমে ইন্টারপ্রেটার ব্যবহার করে। আপনার অনলাইন শুনানিতে বা কনফারেন্স বা আদালত কক্ষে তারা একটি স্পিকার ফোনে কথা বলবে।

# কনফারেন্স কী?



ট্রায়াল শুরু করার পূর্বে মামলাটির সুরাহা করা যায় নাকি তা দেখতে একজন বিচারক আপনার এবং পুলিশ বিভাগের কারো সাথে অনলাইনে বা আদালত কক্ষে দেখা করবেন। এটিকে **কনফারেন্স** বলা হয়।

- আপনি আপনার পছন্দের কোনো উকিল বা প্রতিনিধিকে নিয়ে বা একা উপস্থিত হতে পারবেন।

- কনফারেন্সের বিচারক ব্যাখ্যা করে দিবেন যে OATH এ কী হয় এবং কী কী উপায়ে আপনি ও নিউ ইয়র্ক পুলিশ বিভাগ (New York Police Department, NYPD) আপনার মামলার সুরাহা করতে পারে সেই ব্যাপারে আলোচনা করবেন।

- আপনি প্রশ্ন করতে পারবেন।

- আপনি চাইলে পুলিশ বিভাগের সাথে আপনার মামলার সুরাহা করতে পারবেন, কিন্তু এটি করতে আপনি বাধ্য নন। এটি আপনার উপর নির্ভর করবে। সুরাহা স্বেচ্ছায় করতে হবে। সুরাহা করার জন্য আপনার এবং পুলিশ বিভাগ, উভয় পক্ষকে প্রয়োজন হবে। আপনার এবং পুলিশ বিভাগের জন্য কোনো ব্যবস্থা গ্রহণযোগ্য কিনা তা দেখতে বিচারক উভয় পক্ষের সাথে কাজ করবেন।

- সম্ভাব্য সুরাহার শর্তের **উদাহরণ** হল: জরিমানা; গাড়ি রাখার ফি; একটি মাদক অপব্যবহার কর্মসূচিতে নাম লেখানো, যানবাহন আত্মসমর্পণ করা; বা যানবাহন ফেরত প্রদান করা। আপনি কোনো নির্দিষ্ট সুরাহার শর্ত পাবেন তার কোনো নিশ্চয়তা নেই। এগুলি শুধুই উদাহরণ।

- সুরাহা না করতে পারলে, আপনি ট্রায়ালে যেতে পারবেন। আপনার ট্রায়ালের অধিকার আছে।

# ট্রায়াল কী?



## ট্রায়ালের জন্য আমি কীভাবে প্রস্তুত হতে পারবো?

- কনফারেন্সে যদি আপনার মামলার সুরাহা না হয়, তাহলে একজন ভিন্ন বিচারক ট্রায়াল সম্পাদন করবেন। ট্রায়ালটি আদালতের ট্রায়ালের মতন হবে।

- আপনার মামলার জন্য সাহায্য করতে পারবে বলে আপনি মনে করেন এমন সকল কাগজপত্র এবং অন্যান্য প্রমাণকে আপনার ট্রায়ালের তারিখের পূর্বে বিচারককে এবং পুলিশ বিভাগের অ্যাটর্নিকে ইমেইল করার জন্য বিচারক আপনাকে বলবেন। এছাড়াও বিচারক আপনাকে আপনার সাক্ষীদের তালিকা ইমেইল করতে বলবেন। ট্রায়ালটি যদি সশরীরে উপস্থিত হয়ে হয়,, তাহলে আপনার কাগজপত্র এবং প্রমাণ ইমেইল করুন এবং আদালতকক্ষেও নিয়ে আসুন এবং আপনার সাক্ষীদের নিয়ে আসুন।

- আপনার ট্রায়ালের তারিখের পূর্বে, আপনি ও পুলিশ বিভাগ একে অন্যকে আপনার মামলা সম্পর্কিত কাগজপত্র নিয়ে প্রশ্ন করবেন, অর্থাৎ উভয় পক্ষ বিচারককে যেই কাগজপত্র দেখাবে তা। এইসব অনুরোধ লিখিত হতে হবে।

- আপনি একজন উকিল বা আপনার পছন্দের কোনো প্রতিনিধিকে নিয়ে বা এক ট্রায়ালে উপস্থিত হতে পারবেন।

## আমার ট্রায়ালের সময় কী হবে?

- আপনি এবং পুলিশ বিভাগ উভয়ই আপনাদের **উদ্বোধনী বিবৃতি** প্রদান করবেন। একটি উদ্বোধনী বিবৃতি হলো আপনি কী প্রমাণ করার পরিকল্পনা করছেন তার সারসংক্ষেপ।
- এরপর পুলিশ বিভাগ প্রমাণ প্রদান করবে, সাধারণত এটি চালকের গ্রেফতারের সাথে সংশ্লিষ্ট কাগজপত্র। যেই অফিসার গ্রেফতারে করেছে বা অন্য কোনো সাক্ষীদের নিয়ে আসা বিভাগের জন্য আবশ্যক নয়।
- গাড়ি রাখার জন্য পুলিশ বিভাগকে অবশ্যই তিনটি বিষয় প্রমাণ করতে হবে: বিভাগকে অবশ্যই প্রদর্শন করতে হবে যে প্রতিটি বিষয় "না হওয়ার থেকে হওয়ার সম্ভাবনা বেশি"।
    - প্রথমত, গ্রেফতারের জন্য "সম্ভাব্য কারণ" ছিলো। অর্থাৎ গ্রেফতার করার জন্য পুলিশের একটি আইনি ভিত্তি ছিলো।
    - দ্বিতীয়ত, আসন্ন নাগরিক বাজেয়াপ্তকৃত বস্তুর মামলায় পুলিশ বিভাগের জেতার সম্ভাবনা বেশি।
    - তৃতীয়ত, বিভাগের জন্য গাড়িটি রাখা প্রয়োজন। গাড়িটি ছেড়ে দিলে যদি জননিরাপত্তার কোনো ঝুঁকির সৃষ্টি হয় তাহলে পুলিশ গাড়িতে আটকে রাখতে পারবে।
- পুলিশ বিভাগ এর প্রমাণ পেশ করার পর, আপনার প্রমাণ প্রদর্শন, সাক্ষীকে ডাকা, এবং কোনো আইনি যুক্তি প্রদান করার পালা আসবে।
    - সাক্ষীর কাঠগড়ায় বিভাগ যেই সাক্ষীদের ডাকবে তাদের প্রশ্ন করার অধিকার আপনার থাকবে। এটিকে **ক্রস এক্সামিনেশন** বলা হয়।
    - এখানে **উত্তরসূচক** প্রশ্ন করা যেতে পারে যেখানে সাক্ষীদেরকে আপনার বলা কোনো বিবৃতিতে হ্যাঁ বা না বলে উত্তর দিতে হবে। উদাহরণস্বরূপ, প্রশ্নগুলি এভাবে শুরু হতে পারে, "এটি কি সত্যি নয় যে ......?" বা উত্তরসূচক প্রশ্ন এমন শব্দ দিয়ে শেষ হতে পারে, "... এটি কি সঠিক নয়?" বা। ....., তাই না?"
- আপনার সাক্ষীরা হলফ করে নিবে। কী হয়েছে এই ব্যাপারে আপনি আপনার সাক্ষীদের **সরাসরি** প্রশ্ন করতে পারবেন।
    - এগুলি হলো সবিস্তার প্রশ্ন যেমন "কে, কী, কখন, কোথায়, কীভাবে? আপনি কী দেখেছেন? আপনি কী শুনেছেন? আপনি কী জানেন?
- আপনার প্রশ্ন করা শেষ হয়ে গেলে পুলিশ বিভাগ আপনার সাক্ষীদের **ক্রস এক্সামিনেশন** করতে পারবে।

## আমার কি সাক্ষ্যদান করা উচিত?

- এটি আপনার ইচ্ছার উপর নির্ভর করবে। সাক্ষ্যদান করবেন কিনা এই ব্যাপারে আপনার একটি কঠিন সিদ্ধান্ত গ্রহণ করতে হতে পারে।
- আপনার OATH ট্রায়ালে সাক্ষ্যদান করবেন কিনা সেই সিদ্ধান্তের ব্যাপারে একজন উকিলের সাথে পরামর্শ করে সেরা।
- আপনার সাক্ষ্য যদি এমন ইঙ্গিত করে যে আপনি একটি অপরাধের জন্য দোষী, তাহলে সংবিধানের ফিফথ অ্যামেন্ডমেন্ট (Fifth Amendment of the Constitution) অনুযায়ী আপনার সাক্ষ্যদান না করার অধিকার রয়েছে।
- কিন্তু যদি আপনি OATH এ সাক্ষ্যদান না করার সিদ্ধান্ত গ্রহণ করেন, তাহলে OATH বিচারক মনে করতে পারেন যে আপনি চুপ আছেন কারণ আপনার সাক্ষ্যদান আপনার পক্ষে যাবে না, এবং আপনি পুলিশ বিভাগ যা বলছে তার সাথে সম্মত।
- **আপনি OATH এ যে সাক্ষ্যদান করবেন তা পরবর্তীতে আপনার অপরাধ মামলায় আপনার বিরুদ্ধে ব্যবহার করা যাবে।**
- যদিও আপনার **অপরাধ মামলায়** আপনার সাক্ষ্যদান না করাকে আপনার বিরুদ্ধে ব্যবহার করা যাবে না, কিন্তু OATH এর ট্রায়ালটি ব্যতিক্রম। OATH এ **নাগরিক**, প্রশাসনিক প্রক্রিয়া রয়েছে।

## যদি আপনি সাক্ষ্যদান করেন

- আপনাকে বিবৃতি দানের পূর্বে হলফ গ্রহণ করতে হবে। আপনি যদি কোনো অ্যাটর্নি ছাড়া উপস্থিত হন, এবং সাক্ষ্যদান করেন, বিচারক তাহলে আপনাকে হলফ গ্রহণ করার পর আপনার বিবৃতি প্রদান করতে বলবেন। বিভাগের উকিল আপনাকে প্রশ্ন করতে পারবে।
- বিচারক আপনাকে বা অন্য যেকোনো সাক্ষীকে প্রশ্ন করতে পারবেন।
- অবশেষে, উভয় পক্ষ **সমাপ্তি বিবৃতি** প্রদান করবে। একটি সমাপ্তি বিবৃতি হলো আপনি যা প্রমাণ করেছেন বলে মনে করছেন তার সারসংক্ষেপ। আপনি যেই ফলাফল চাইছেন তার জন্য বিচারকের কাছে অনুরোধ করতে পারবেন।

# যেই সব পরিস্থিতির কারণে যানবাহন ফেরত দেওয়া হতে পারে


- **"নিরপরাধ মালিক":** একজন মালিক যানবাহন ফেরত চাইতে পারবে যদি গ্রেফতার এবং বাজেয়াপ্ত করার সময় মালিক গাড়ির চালক না হয়, এবং যদি অপরাধমূলক কাজটি করার জন্য মালিক যানবাহনটি ব্যবহার করার অনুমোদন বা অনুমতি প্রদান না করে থাকে। (দ্রষ্টব্য: NYPD এটি দেখানোর চেষ্টা করতে পারে যে নিবন্ধিত/শিরোনামে থাকা মালিক নয়, বরং গ্রেফতার করা চালকই যানবাহনটির প্রকৃত মালিক।)

- **নোটিশ:** একজন মালিক বা চালক যানবাহন ফেরত চাইতে পারে যদি প্রমাণ থাকে যে NYPD একটি শুনানির অনুরোধ করার অধিকারের দুইটি আবশ্যিক নোটিশ প্রদান করেনি।

- এগুলি হলো মাত্র দুইটি সম্ভাব্য পরিস্থিতি; এছাড়াও অন্য কারণে যানবাহন ফেরত দিতে হতে পারে। আপনার শুনানিতে একজন অ্যাটর্নিসহ উপস্থিত থাকার অধিকার আপনার আছে। আপনার যদি এর মধ্যে কোনটি বা অন্য কোনো সমস্যা থাকে এবং এর প্রমাণ প্রদর্শন করতে পারেন যেমন উপরে উল্লিখিত কোনো আইনি আবশ্যিকতা পূরণ করতে NYPD এর ব্যর্থতা, তাহলে আপনি আপনার অ্যাটর্নির সাথে সেই ব্যাপারে আলোচনা করতে পারেন এবং আপনার OATH "ক্রিমস্টক" শুনানিতে OATH বিচারকের সামনে আপনার উদ্বেগ পেশ করতে পারবেন।

# ট্রায়ালের পর কী হবে?

ট্রায়াল শেষ হওয়ার পর, OATH বিচারক তিন কর্মদিবসের মধ্যে একটি সিদ্ধান্ত প্রদান করবেন। এটি এমনভাবে হবে:



***Police Dep't v. John Doe***
OATH Index No. 9999/08, mem. dec. (Feb. 24, 2011)

Due to failure to comply with the notice provisions of the *Krimstock* Order, petitioner failed to prove its entitlement to retain 1994 Volvo pending the outcome of a civil forfeiture proceeding. Vehicle ordered released.

**NEW YORK CITY OFFICE OF**
**ADMINISTRATIVE TRIALS AND HEARINGS**

*In the Matter of*
**POLICE DEPARTMENT**
*Petitioner*
*- against -*
**JOHN DOE**
*Respondents*

**MEMORANDUM DECISION**

**MONICA MASON,** *Administrative Law Judge*

Petitioner, the Police Department ("Department"), brought this proceeding to determine its right to retain a vehicle seized as the alleged instrumentality of a crime pursuant to section 14-140 of the Administrative Code. Respondent John Doe is the owner of the vehicle (Pet. Ex. 6), which was seized following his arrest on January 24, 2011. This proceeding is mandated by *Krimstock v. Kelly*, 2007 U.S. Dist. LEXIS 82612 (S.D.N.Y. Sept. 27, 2007) ("the *Krimstock* Order"). *See generally Krimstock v. Kelly*, 306 F.3d 40 (2d Cir. 2002); *County of Nassau v. Canavan*, 1 N.Y.3d 134 (2003).

The vehicle at issue is a 1994 black Volvo sedan, Property Clerk Voucher No. 2000012345, which the Department seized following Mr. Doe's arrest for driving while intoxicated (Pet. Exs. 1, 2, 5). Veh. & Traffic Law §§ 1192(2); 1192(2-a)(a), 1192(3), and 1192 (1) (Lexis 2012) (Pet. Ex. 3). The Department received the demand for the hearing on February 8, 2011, and trial was scheduled for February 21, 2011 (Pet. Ex. 7). The Department relied on documentary evidence and upon testimony from respondent. Respondent testified on his own behalf. For the reasons set forth below, I find that the Department is not entitled to retain the vehicle.

- আপনি মেইলের মাধ্যমে সিদ্ধান্তের একটি নকল পাবেন।
- এছাড়াও ইন্টারনেটে এবং OATH এর ওয়েবসাইটে বিচারকের সিদ্ধান্ত প্রকাশ করা হবে: সিদ্ধান্ত অনুসন্ধান - OATH (nyc.gov)।
- বিচারক যদি গাড়ি ছেড়ে দেওয়ার আদেশ প্রদান করে, তাহলে মালিককে অবশ্যই পাউন্ড থেকে গাড়িটি বের করার জন্য পুলিশ বিভাগের প্রোপার্টি ক্লার্কের সাথে যোগাযোগ করতে হবে।
- পরাজিত পক্ষ স্টেটের সুপ্রিম কোর্টে OATH সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবে।

# আইনি পরিষেবা

কোনো উকিল বিনামূল্যে বা হ্রাসকৃত মূল্যে আপনার মামলাটি গ্রহণ করবে কিনা তা দেখার জন্য আপনি আপনার স্থানীয় আইনি পরিষেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ করতে পারেন। আপনি নিচের ফোন নম্বরে ফোন করে দেখতে পারেন:

**লিগ্যাল এইড সোসাইটি**

**ফোন:** 212-577-3300 বা 212-577-3398

- লিগ্যাল এইড সোসাইটি (Legal Aid Society) যোগ্য নিম্ন আয়ের গ্রাহকদের বিনামূল্যে আইনি পরিষেবা প্রদান করে।
- আপনার অপরাধ মামলায় যদি একজন অ্যাটর্নি থেকে, তাহলে আপনি সেই অ্যাটর্নির কাছে একজন অ্যাটর্নি খুঁজে দেওয়ার জন্য অনুরোধ করতে পারেন যে আপনার গাড়ি সম্পর্কিত আপনার নাগরিক OATH মামলায় আপনার প্রতিনিধিত্ব করবে।
- আইন সেবা সংগঠনসমূহের আংশিক তালিকা একটি জনসেবা হিসেবে প্রদান করা হয়।

# বার অ্যাসোসিয়েশন রেফারেল পরিষেবা

আপনি আপনার স্থানীয় বার অ্যাসোসিয়েশনের সাথে যোগাযোগ করতে চাইতে পারেন এবং আইনি সংস্থানের সম্ভাব্য রেফারেল সম্পর্কে জিজ্ঞেস করতে পারেন। উদাহরণস্বরূপ, আপনি ফোন করতে বা ইমেইল করতে পারেন:

**নিউ ইয়র্ক সিটি বার অ্যাসোসিয়েশন**

**ওয়েবসাইট** https://www.nycbar.org/get-legal-help/
**ফোন:** (917)-634-3609 / (212)-626-7374 (en español)
**ইমেইল:** lrs@nycbar.org

**অনলাইন অনুরোধ ফর্ম:**
https://nycbar.intouchondemand.com/lrisrequest/nycrequestform.aspx
En español: Formulario de Referido – Solicite a un Abogado (https://www.nycbar.org/get-legal-help/es/)

**OATH আইনি পরামর্শ প্রদান করে না এবং কোনো নির্দিষ্ট অ্যাটর্নি বা সংগঠনকে সুপারিশ করে না।**

# আরো তথ্য

## আপনার যদি কোনো উকিল বা একজন পেইড, পেশাদার, নিবন্ধিত প্রতিনিধি না থাকে:

একজন OATH প্রক্রিয়া সংক্রান্ত বিচার সমন্বয়কের সাথে কথা বলার জন্য OATH আপনাকে একটি সুযোগ প্রদান করবে, যে আপনার মামলার জন্য প্রস্তুত হতে আপনাকে আইনি তথ্য এবং সংস্থান প্রদান করবে। এই ব্যক্তিরা শুনানির প্রক্রিয়া, আপনার জন্য উপলভ্য বিকল্পসমূহ সম্পর্কে আপনাকে তথ্য প্রদান করতে পারবে, এবং আপনার কোনো প্রশ্ন থাকলে তার উত্তর দিতে পারবে। এই ব্যক্তিরা আপনাকে কোনো আইনি পরামর্শ প্রদান করতে পারবে না। সকল অ্যাপয়েন্টমেন্ট আপনার শুনানির তারিখের পূর্বে সম্পাদন করতে হবে। অনুরোধ করা হলে বিদেশি ভাষার সেবা বিনামূল্যে প্রদান করা হবে।

- OATH হেল্প সেন্টারে কারো সাথে অ্যাপয়েন্টমেন্ট করার জন্য, অনুগ্রহ করে এই লিংক ব্যবহার করে আমাদেরকে ইমেইল করুন:

  **হেল্প সেন্টারকে ইমেইল করুন বা আপনার নির্ধারিত OATH উপস্থিতির পূর্বে (212) 436-0845 নম্বরে আমাদেরকে ফোন করুন।**

- https://www.nyc.gov/site/oath/trials/overview.page ভিজিট করার মাধ্যমে আপনি OATH এর ব্যাপারে আরো পড়তে এবং মামলার আইন এবং নিয়ম দেখতে পারবেন।

- এছাড়াও সিটিঅ্যাডমিনের অনলাইন লাইব্রেরিতে OATH এর সিদ্ধান্তসমূহ বিনামূল্যে পাওয়া যাবে। এরপর "OATH ট্রায়াল (OATH Trials)" এ ক্লিক করুন এবং মামলা খোঁজার জন্য আপনি যেই শব্দ ব্যবহার করতে চান তা প্রবেশ করাতে পারবেন।